



ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন : ৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০ / ৪৩৪০ (অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৮৬১৫৫৮৩

বিজ্ঞপ্তি

খ-ইউনিট

বিভাগ পরিবর্তন (আসন খালি সাপেক্ষে)

শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে, আইন অনুষদের আইন বিভাগে, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগে, জীব বিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগে, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষা, আধুনিক ভাষা ইনস্টিটিউটের BA Honours in English for Speakers of Other Languages (ESOL), BA Honours in French Language and Culture (FLC), BA Honours in Chinese Language and Culture (CLC) ও Japanese Language and Culture (JLC) বিষয়ে এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভারনারাবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটে যে সকল ছাত্র / ছাত্রী খ-ইউনিটের মাধ্যমে ভর্তি হয়েছে তাদের মধ্য থেকে বিভাগ পরিবর্তনে আগ্রহী শিক্ষার্থীদেরকে ২৯ নভেম্বর ২০১৮ থেকে ১০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ ও জমা দিতে বলা হচ্ছে।

এই প্রক্রিয়ার জন্য নির্ধারিত ফিস কলা অনুষদের ডিন অফিসের ১০০৪ সংখ্যক কক্ষে (নিচ তলা) জমা দিয়ে রেজিস্টারে নাম আন্তর্ভুক্ত করে বিভাগ-পরিবর্তনের আবেদনপত্রের ফরম সংগ্রহ করা যাবে। আগামী ১০ ডিসেম্বর ২০১৮ তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আসন খালি হলে বা থাকলে শুধু ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত মেধাঙ্কের ভিত্তিতে এবং অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে (ভর্তি-নির্দেশিকায় উল্লেখিত) বিষয় পরিবর্তনের অনুমতি দেয়া হবে। কেটায় ভর্তিকৃত শিক্ষার্থীরা এবং থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, সংগীত বিভাগ ও নৃত্যকলা বিভাগে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা সংশ্লিষ্ট বিভাগের শর্তনুযায়ী বিভাগ পরিবর্তন করার সুযোগ পাবে না। আরও উল্লেখ্য যে, যখনই পরিবর্তনের মাধ্যমে শূন্য আসন পূরণ হবে তখন এ কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

এক কপি ছবি, মূলনম্বরপত্রী ও ভর্তির পে-ইন-স্লিপ-এর ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

বিশেষভাবে মনে রাখা প্রয়োজন যে, কোনো ছাত্র / ছাত্রী বিভাগ পরিবর্তন করার অনুমতি পেলে তার খালি আসনটি আরেকজনকে প্রদান করে পূরণ করা হয়, কাজেই বিভাগ পরিবর্তনের অনুমতিপ্রাপ্ত শিক্ষার্থীরা কোনো অবস্থাতেই পুনরায় পূর্ববর্তী বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে না।

(প্রফেসর ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ

মেমো নং-কঅডি-৯০৬-৯৫৮-২০১৮-২০১৯

তারিখ : ২৭-১১-২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরিত হলো :

- ১। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের সকল বিভাগ, আইন অনুষদের আইন বিভাগ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগ, জীব বিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগ-এর চেয়ারম্যান এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, আধুনিক ভাষা ইনস্টিটিউট, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট এবং ম্যানেজমেন্ট এন্ড ভারনারাবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের-এর পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ২। সামাজিক বিজ্ঞান, আইন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস এবং জীব বিজ্ঞান অনুষদের ডিন মহোদয়গণ
- ৩। এ বিজ্ঞপ্তির অনুলিপি বিভাগীয় নোটিশ বোর্ডে দেয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

(প্রফেসর ড. আবু মো: দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ